

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এমআইএস			
ডায়েরী নং- ৬৬২৭	তারিখঃ ৫/১২/২৬		
অঃ সঃ	সঃ প্রঃ	সঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২০২০.০৭.০০০৫.২০২৬-২৬

তারিখঃ ০৪-০৬- ১৪৩৩বঙ্গাব্দ
২৬-০৬- ২০২৬খ্রিষ্টাব্দ

বিষয়ঃ অভিজ্ঞ ও যোগ্য একক পরামর্শক ব্যক্তি হিসেবে তালিকাভুক্তির লক্ষ্যে রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার অনুমতি প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত অভিজ্ঞ ও যোগ্য একক পরামর্শক ব্যক্তি'কে গণপূর্ত অধিদপ্তরের অধীন ২০২৫-২০২৬ সনে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে তালিকাভুক্ত করা হলো।

শর্তাবলীঃ-

- (ক) অভিজ্ঞ ও যোগ্য একক পরামর্শক ব্যক্তি'কে ২০২৫-২০২৬ সনে তালিকাভুক্তি রেজিস্ট্রেশন ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% মূল্য সংযোজন করসহ (মুসক) সর্বমোট ৫,৭৫০.০০ (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৫/২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৩৮.২২.০০০২.২৫.১২৪ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী 'এ-চালান' (A-Challan) এর মাধ্যমে অথবা যে কোন গণপূর্ত বিভাগে আগামী ২২/০৯/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। এ সময়ের মধ্যে কোন একক পরামর্শক ব্যক্তি তালিকাভুক্তির ফি জমা প্রদান না করলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- (খ) তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ প্রাপ্তির লক্ষ্যে আগামী ১৫/১০/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার মূল রশিদ, একক পরামর্শক ব্যক্তি এর ৫ (পাঁচ) কপি ছবি এবং প্রতিষ্ঠানের প্যাডের ৩ (তিন) সেট নমুনা স্বাক্ষর সত্যায়িত করতঃ নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম) এর দপ্তরে দাখিল করতে হবে। দাখিলকৃত কাগজপত্রাদি যাচাইয়ে সঠিক পাওয়া গেলে তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ জারি করা হবে।
- (গ) একক পরামর্শক ব্যক্তি কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ভুয়া/জাল প্রমাণিত হলে তালিকাভুক্তির আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল বলে বিবেচিত হবে এবং পিপিআর-২০২৫ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(বোর্ড সভায় অনুমোদিত একক পরামর্শক ব্যক্তির তালিকা)

ক্রঃনং	একক পরামর্শক ব্যক্তির নাম ও ঠিকানা	বোর্ড সভার সিদ্ধান্ত
১.	মোঃ নুরুজ্জামান পিতা-মোঃ আসাদুজ্জামান ঠিকানা-২৩৮, পশ্চিম আগারগাঁও, ঢাকা।	২০২৫-২০২৬ সনে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্ত করা হলো।

একক পরামর্শক ব্যক্তির নাম ও ঠিকানায় কোন রকম গড়মিল পরিলক্ষিত হলে সংশোধনের জন্য ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তর'কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরঃ ৫/১২/২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩৩৮০৯৯৯

ই-মেইল: se_est@pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২০২০.০৭.০০০৫.২০২৬-২৬/১২/২৬

তারিখঃ ০৪-০৬- ১৪৩৩বঙ্গাব্দ
২৬-০৬- ২০২৬খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। নির্বাহী প্রকৌশলী.....গণপূর্ত বিভাগ.....। উপরোক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ২২/৯/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন ফি জমা প্রদানে আগ্রহী হলে তা গ্রহণ পূর্বক রশিদ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। (আদেশটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জনাব মোঃ নুরুজ্জামান, পিতা-মোঃ আসাদুজ্জামান, ঠিকানা-২৩৮, পশ্চিম আগারগাঁও, ঢাকা।

স্বাক্ষরঃ ৫/১২/২৬
(সাকিলা ইসলাম)
নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩৩৮৪৫৫৪

ই-মেইল: ee_om@pwd.gov.bd